

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সমন্বয় অধিশাখা
www.mole.gov.bd

বিষয়ঃ অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত
অংশীজনের (Stakeholders) সভার কার্যবিবরণী।

সভাপতিঃ	শাকিলা জেরিন আহমেদ যুগ্মসচিব (সমন্বয় ও আদালত) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সভার স্থানঃ	সভাকক্ষ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সভার তারিখঃ	২৯ ডিসেম্বর ২০১৯
সময়ঃ	১১.০০ টায়


সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকাঃ পরিশিষ্ট 'ক'

অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে অনুষ্ঠিত সভার শুরুতেই উপস্থিত সকলকে স্বাগত জানানো হয় এবং শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা অনুযায়ী কোন সমস্যা আছে কিনা সে বিষয়ে আলোকপাত করা হয়। সভায় জানানো হয় রাষ্ট্রীয় জীবনে সুশাসন প্রতিষ্ঠায় শুদ্ধাচার চর্চা একটি অপরিহার্য কৌশল। নৈতিকতা ও সততা দ্বারা প্রভাবিত আচরণগত উৎকর্ষই হলো শুদ্ধাচার। শুদ্ধাচার প্রতিষ্ঠায় স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠা করা অত্যন্ত জরুরী। সে লক্ষ্যে প্রণীত এ মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহের ২০১৯-২০২০ অর্থ-বছরের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতিতে অংশীজনের (Stakeholders) সভা একটি গুরুত্বপূর্ণ বিষয়। সভায় ই-টেন্ডার, সিটিজেন চার্টার, শুদ্ধাচার কোডে অর্থ বরাদ্দ, নথি বিনষ্টকরণ, ডিজিটাল হাজিরা ও পরিবীক্ষণ ও মূল্যায়ন ইত্যাদি বিষয়ের ওপর আলোচনা করা হয়। সভায় জানানো হয় যে, অধিদপ্তর/দপ্তর/সংস্থায় কিছুটা অভ্যন্তরীণ সমন্বয়হীনতা রয়েছে। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্তঃ

- অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের ক্ষেত্রে অন্তরায় সমূহ চিহ্নিত করে তা দূরীকরণে সংশ্লিষ্ট সকলকে পদক্ষেপ নিতে হবে এবং নিজ নিজ দপ্তরে আন্তঃসমন্বয় সুদৃঢ় করতে হবে;
- অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলকে যত্নবান হতে হবে;
- অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে আগামী ফিডব্যাক সভায় প্রমাণকসহ উপস্থিত হতে হবে;
- অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় সংশোধনের বিষয় থাকলে তা নৈতিকতা সভায় অনুমোদন করে দ্বিতীয় কোয়ার্টার মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

পরিশেষে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ বাস্তবায়নে মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/দপ্তরসমূহের দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয় এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


২৭/১২/২০১৯
শাকিলা জেরিন আহমেদ
যুগ্মসচিব (সমন্বয় ও আদালত)

ও
শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।